

আল-কারি'আ | Al-Qari'a | الْقَارِعَةُ

আয়াতঃ ১০১ : ৫

আরবি মূল আয়াত:

وَتَكُونُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوشِ ﴿٥﴾

অনুবাদসমূহ:

আর পর্বতরাজি হবে ধূনা রঙিন পশমের মত। — আল-বায়ান

আর পর্বতগুলো হবে ধূনা রঙিন পশমের মত। — তাইসিরুল

এবং পর্বতসমূহ হবে ধূনিত রঙিন পশমের মত। — মুজিবুর রহমান

And the mountains will be like wool, fluffed up. — Sahih International

৫. আর পর্বতসমূহ হবে ধূনিত রঙিন পশমের মত। (১)

(১) অর্থাৎ যখন মহাদুর্ঘটনা ঘটে যাবে। আর এর ফলে সারা দুনিয়ার ব্যবস্থাপনা ছিন্নভিন্ন হয়ে যাবে, লোকেরা আতংকগ্রস্ত হয়ে এদিক ওদিক দৌড়াদৌড়ি করতে থাকবে যেমন আলোর ওপর ঝাঁপিয়ে পড়া পতংগরা চারদিকে বিক্ষিপ্তভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকে। পাহাড়গুলো ধূনা পশমের মত হবে, যা হাল্কা বাতাসে উড়ে যাবে। [সাদী]

তাকসীরে জাকারিয়া

৫। এবং পর্বতসমূহ হবে ধূনিত রঙিন পশমের ন্যায়। [১]

[১] সেই পশমকে বলা হয় যা নানান রঙে রঞ্জিত হয়। অর্থ হল ধূনিত। এতে পাহাড়ের সেই অবস্থাকে বর্ণনা করা হয়েছে, যা কিয়ামতের দিন তার ঘটবে। কুরআন কারীমে পাহাড়ের উক্ত অবস্থা নানানভাবে বিভিন্ন স্থানে উল্লিখিত হয়েছে; যার বিস্তারিত বিবরণ পূর্বেই বর্ণিত হয়েছে। এরপর সেই দুই দলের কথা সংক্ষেপে উল্লেখ করা হচ্ছে, যারা কিয়ামতের দিন নিজ নিজ আমলানুযায়ী বিভক্ত হবে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=6162>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন